USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

নিসর্গ নেটওয়ার্ক

সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা

টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্য

(২০১০-২০১৫)

টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটি
টেকনাফ, কক্সবাজার

বন অধিদপ্তর

Department of Environment

সূচিপত্র

পার্ট - ১ ঃ বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ			
ক্রমিক নং	**বিষয় বস্তু**	**ঃ**	**পৃষ্ঠা নং**
১.০	ভূমিকা	ঃ	২
১.১	অবস্থান এবং গঠন	ঃ	২
	চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকাসমূহ	ঃ	৩
	চিত্র ২ঃ টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের ম্যাপ	ঃ	৪
	চিত্র ৩ ঃ টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন ল্যান্ডস্কেপ এলাকা	ঃ	৫
১.২	সহ-ব্যবস্থাপনার পরিকল্পনার উদ্দেশ্য	ঃ	৬
২.০	জীববৈচিত্র্য সংরক্ষনের বৈশিষ্ট্যসমূহ	ঃ	৭
২.১	জীববৈচিত্র্যের গুর ত্ব	ঃ	৭
২.২	জীববৈচিত্র্য সংরক্ষনের উপকারিতা	ঃ	৭
২.৩	বন্যপ্রানী সংরক্ষন	ঃ	৭-৮
২.৪	বনাঞ্চলের সীমারেখা	ঃ	৮
২.৫	বনাঞ্চলের জীব-ভৌত অবস্থা	ঃ	৮
৩.০	জীববৈচিত্র্য এবং আবাসস্থল	ঃ	৯
৩.১	প্রতিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রানীকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশেণ্ডষন	ঃ	৯
৩.১.১	বনাঞ্চল ভিত্তিক পন্য	ঃ	৯
৩.২	জীববৈচিত্র্যের ব্যবহার	ঃ	৯
৪.০	জীববৈচিত্র্যের ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা	ঃ	৯
৪.১	বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতি সমূহ ঃ	ঃ	৯-১০
৪.২	বন্যপ্রানী ব্যবস্থাপনা	ঃ	১০
৪.৩	জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষনাবেক্ষন এবং পুনর দ্ধার	ঃ	১০
৪.৪	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	১০-১১
৪.৫	বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পন্য ব্যবস্থাপনা	ঃ	১১
৪.৬	অভয়ারন্যের ব্যবস্থাপনার বাধা সমূহ	ঃ	১১
৪.৭	প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যু সমুহ	ঃ	১১
৫.০	ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা	ঃ	১২
৫.১	ল্যান্ডস্কেপ পন্থা	ঃ	১২
৫.২	রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা	ঃ	১২
৫.৩	ভূমি ব্যবহার এর বর্তমান অবস্থা	ঃ	১২
৫.৪	ষ্টেকহোল্ডার বিশেণ্ডষণ	ঃ	১২-১৩
৫.৫	কৃষি জমি এবং বসতভিটার ব্যবহার	ঃ	১৩
৫.৬	বনভূমির অবৈধদখল	ঃ	১৩
পার্ট - ২ ঃ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশ সমূহ			
১.০	রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা	ঃ	১৫
১.১	উদ্দেশ্য	ঃ	১৫
১.২	সহ-ব্যবস্থাপনা পদ্ধতি	ঃ	১৬
১.২.১	সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্য সমূহ	ঃ	১৬

১.২.২	সহ-ব্যবস্থাপনা সংগঠন সমূহ	ঃ	১৬
১.২.৩	সুবিধা সমূহের বন্টন	ঃ	১৭
১.২.৪	ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল	ঃ	১৭
২.০	আবাসস্থল পূনর"দ্ধার কর্মসূচি	ঃ	১৮
২.১	উদ্দেশ্যসমূহ	ঃ	১৮
২.২	বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদ করন	ঃ	১৮
২.৩	সীমানা চিহ্নিতকরন	ঃ	১৮
২.৪	অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/বিল সেচা/পশু চরানো নিয়ন্ত্রন করা	ঃ	১৮-১৯
৩.০	ব্যবস্থাপনা কার্যক্রম	ঃ	১৯
৩.১	উদ্দেশ্য	ঃ	১৯
৩.২	তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.৩	রক্ষিত এলাকার মুল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.৩.১	আবাসস্থল উন্নয়ন কার্যক্রম	ঃ	১৯
৩.৩.১.১	এনরিচমেন্ট পণ্ডান্টেশন	ঃ	১৯
৩.৩.১.২	ঘাস জমির উন্নয়ন	ঃ	১৯
৩.৩.১.৩	জলাশয় রক্ষনাবেক্ষন	ঃ	১৯
৩.৩.১.৪	বিশেষ ধরনের আবাসস্থল রক্ষনাবেক্ষন	ঃ	১৯
৩.৩.২	আবাসস্থল পুনর"দ্ধার কার্যক্রম	ঃ	২০
৩.৩.২.১	ওয়াটারশেড ব্যবস্থাপনা	ঃ	১০
৩.৩.২.২	পরিবেশ বান্ধব কর্মকান্ড পুনর"দ্ধার	ঃ	২০
৩.৪	তদসংলগ্ন ল্যান্ডস্কেপ অঞ্চল (জোন)	ঃ	২০
৩.৪.১	বাফার অঞ্চল	ঃ	২০
৩.৪.২	ল্যান্ডস্কেপ অঞ্চল	ঃ	২০
৪.০	জীবীকায়ন এবং ভ্যালু চেইন কর্মসূচী	ঃ	২১
৪.১	উদ্দেশ্য	ঃ	২১
৪.২	ভেলু চেইন এবং কনর্জারভেশন এন্টারপ্রাইজ	ঃ	২১
৪.২.১	কৃষি এবং হর্টিকালচার ফসল	ঃ	২১
৪.২.১.১	সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা	ঃ	২১
৪.২.১.২	উচ্চফলনশীল ফসলের চাষাবাদ	ঃ	২১
৪.২.১.৩	ভিলেজ নার্সারী	ঃ	২১
৪.২.১.৪	হর্টিকালচার	ঃ	২১
৪.২.২	মৎস চাষ/আহরন	ঃ	২১
৪.২.৩	বাঁশ সম্পদ উন্নয়ন	ঃ	২২
৪.২.৪	হস্ড়শিল্প এবং তাঁতশিল্প	ঃ	২২
৪.২.৫	উন্নত চুলা	ঃ	২২
৫.০	ফেসেলিটিস (অবকাঠামো মূলক) উন্নয়ন কর্মসূচী	ঃ	২২
৫.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২২
৫.২	সুবিধাদির উন্নয়ন	ঃ	২২
৬.০	দর্শনাথীর ব্যবস্থাপনা কর্মসূচি	ঃ	২২

৬.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২২
৬.২	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৩
৬.২.১	পরিবেশ বান্ধব পর্যটন এলাকা চিহ্নিতকরন	ঃ	২৩
৬.২.২	সুবিধাদির উন্নয়ন	ঃ	২৩
৬.২.২.১	প্রবেশ ফি	ঃ	২৩
৬.২.২.২	প্রকৃতি এবং হাইকিং ট্রেইল	ঃ	২৩
৬.২.২.৩	পিকনিকের জন্য সুবিধাদি	ঃ	২৩
৬.২.২.৪	কমিউনিটি ভিত্তিক পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৩
৬.২.২.৫	পরিবেশ বান্ধব পর্যটন নিয়ন্ত্রন	ঃ	২৩
৬.৩	সংরক্ষন বিষয়ক শিক্ষা ও সচেতনতা	ঃ	২৪
৬.৩.১	পর্যটন শিক্ষার জন্য ইন্টারপ্রিটেটিভ মাধ্যম	ঃ	২৪
৬.৩.২	পরিবেশ বিষয়ক শিক্ষা	ঃ	২৪
৭.০	অংশগ্রহন মূলক মনিটরিং (পরিবীক্ষন) এবং সক্ষমতা বৃদ্ধিকরন কর্মসূচী	ঃ	২৪
৭.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৪
৭.২	অংশগ্রহন মূলক মনিটরিং	ঃ	২৪
৭.৩	প্রশিক্ষন	ঃ	২৪
৮.০	প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী	ঃ	২৪
৮.১	উদ্দেশ্যসমূহ	ঃ	২৪
৮.২	স্টাফিং এবং প্রশিক্ষন	ঃ	২৪
৮.৩	দায়িত্ব ও কর্তব্য সমূহ	ঃ	২৪
৯.০	বাজেট	ঃ	২৫
৯.১	বাজেট প্রনয়ন	ঃ	২৫
৯.২	বাজেট পরিবর্তন/পরিমার্জন	ঃ	২৫
১০.০	সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলোর ধারাবাহিকতার বজায় রক্ষার কৌশল	ঃ	২৫
১০.১	আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা ভিত্তিক ধারাবাহিকতার কর্মপরিকল্পনা প্রনয়ন	ঃ	২৫
১০.২	ধারাবাহিকতার জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়ন	ঃ	২৫-২৬
১০.৩	দীর্ঘমেয়াদী এবং সম্মনিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা	ঃ	২৬
১০.৪	‘নিসর্গ নেটওয়ার্কের’ পলিসি এবং আইনগত সমর্থন নিশ্চিতকরন	ঃ	২৬
১০.৫	মত বিনিময়ের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন	ঃ	২৭
১১.০	জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অভিযোজন পরিকল্পনা	ঃ	২৭
১১.১	জলবায়ু পরিবর্তন	ঃ	২৭
১১.২	জলবায়ু পরিবর্তনের কারণসমূহ	ঃ	২৭
১১.৩	টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ	ঃ	২৭
১১.৩.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি	ঃ	২৭
১১.৩.২	অতি বৃষ্টিপাত	ঃ	২৭
১১.৩.৩	নদীর ক্ষীণ প্রবাহ	ঃ	২৮
১১.৩.৪	আকস্মিক বন্যা	ঃ	২৮
১১.৩.৫	খরার প্রকোপ	ঃ	২৮
১১.৩.৬	ঝড় ঝঞ্ঝা	ঃ	২৮

১১.৩.৭	নদীতীর ও মোহনায় ভাঙ্গন ও ভূমি গঠন	ঃ	২৮
১১.৪	জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের জন্য করণীয় অভিযোজন সমূহ	ঃ	২৮
১১.৪.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি/ঝড় ঝঞ্চা/আকস্মিক বন্যা/অতি বৃষ্টিপাত জনিত কৃষি ঝুঁকির অভিযোজন	ঃ	২৮-২৯
১১.৪.২	পানির ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.৩	স্বাস্থ্য ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.৪	উন্নয়ন ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.৫	খরা ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৫	সম্ভাব্য অভিযোজনের উপায়সমূহ	ঃ	৩০
১১.৬	স্থানীয় জনগন কর্তৃক সনাক্তকৃত টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্য এবং এর ল্যান্ডস্কেপ এলাকায় জলবায়ু পরিবর্তনজতিন ক্ষয়ক্ষতি এবং সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা	ঃ	৩০-৩৬
	পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (সম্ভাব্য)	ঃ	৩৭-৪৪

পার্ট - ১

বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ

১.০ ভূমিকা

কক্সবাজার দক্ষিন বন বিভাগের অধীন 'টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য' বাংলাদেশের বন্যপ্রাণী অভয়ারণ্যগুলোর মধ্যে অন্যতম। কারন জীববৈচিত্র্যের সমৃদ্ধির দিক থেকে রক্ষিত এলাকাগুলোর মধ্যে এটা যথেষ্ট সমৃদ্ধ। সরকার বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আদেশ ১৯৭৪ মূলে ১১,৬১৫ হেক্টর বনভূমিকে প্রথমে টেকনাফ গেইম রিজার্ভ হিসাবে ঘোষণা করেন। পরবর্তীতে জীববৈচিত্র্য সংরক্ষণের বিষয়টি অনুধাবন করে সরকারী প্রজ্ঞাপন নং-এমওইএফ/ফরেস্ট-২/০২/ওয়াইল্ডলাইফ/১৫/২০০৯/৪৯২ তারিখঃ ০৯/১২/২০০৯ ইং মূলে উক্ত টেকনাফ গেইম রিজার্ভকে 'টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য' হিসেবে ঘোষণা করা হয়। উক্ত অভয়ারণ্যে ২৯০ প্রজাতির উদ্ভিদ, ৫৫ প্রজাতির স্ড়্যপায়ী প্রানী, ২৮৬ প্রজাতির পাখি, ৫৬ প্রজাতির সরীসৃপ এবং ১৩ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। অভয়ারণ্যের প্রধান প্রধান উদ্ভিদ গুলোর মধ্যে গর্জন, কড়ই, চাপালিশ, বাটনা, জাম, জার"ল, সেগুন, ইত্যাদি এবং বন্যপ্রানী প্রজাতির মধ্যে হাতি, প্যারাইল-া বানর, মুখপোড়া হনুমান, মায়া হরিণ, ধনেশ ও অজগর উলে- খযোগ্য। ঘন জন বসতির বনের উপর অতি মাত্রায় নির্ভরশীলতা, বনভূমি হ্রাস, বনভূমির বিভক্তি, জবরদখল, অবৈধ বৃক্ষ নিধন ও বন্যপ্রাণী শিকারের ফলে বনের জীববৈচিত্র্য আজ হুমকির সম্মুখীন। এরূপ পরিস্থিতিতে বনের জীববৈচিত্র্য তথা প্রাকৃতিক পরিবেশ রক্ষার উদ্দেশ্যকে সামনে রেখে স্থানীয় জনগোষ্ঠীকে (বিশেষতঃ বন নির্ভলশীল) এর ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত করে সহ-ব্যবস্থাপনার মাধ্যমে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের জীববৈচিত্র্য সংরক্ষণের পাশাপাশি নিজেদের কর্ম পরিকল্পনা নিজেদের প্রনয়ন ও বাস্ড়বায়ন করা সহ বন নির্ভরশীল দরিদ্র জনগনের বিকল্প কর্মসংস্থানের লক্ষ্যেই প্রনীত হয়েছে এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা।

যাহোক টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের আওতাধীন, টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির সদস্যদের স্বল্প মেয়াদী (তিন দিন) প্রশিক্ষনের মাধ্যমে প্রনীত এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা, যা আইপ্যাক প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মী (Performance Monitoring and Applied Research Associate) এর সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেছেন। এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্য তথা টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন এলাকার ব্যবস্থাপনা এবং উন্নয়নে দিক নির্দেশনা হিসাবে বিবেচিত হতে পারে।

১.১ অবস্থান এবং গঠন

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় অবস্থিত। এই বন্যপ্রাণী অভয়ারণ্যের ১১,৬১৫.০ হেক্টর বনভূমির মধ্যে ৬,৬২৮.২৯ হেক্টর বনভূমি টেকনাফ রেঞ্জ তথা টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির (সিএমসি) আওতাধীন। উলেণ্টখ্য যে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের আওতায় তিনটি রেঞ্জের জন্য তিনটি সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। যথা: ১) টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটি ২) শিলখালী সহ-ব্যবস্থাপনা কমিটি ৩) হোয়াইকং সহ-ব্যবস্থাপনা কমিটি। এ বনভূমির উত্তরে হোয়াইক্যং রেঞ্জ, দক্ষিনে টেকনাফ শহর, ইসলামাবাদ, পল্লানপাড়া, মাঠপাড়া, জাহালিয়াপাড়া, বিজিবি ক্যাম্প, লেঙ্গুর বিল পূর্বে টেকনাফ শহর, নাইথ্যং পাড়া, বড়ইতলী, কের"নতলী, দমদমিয়া, লেদা, রঙ্গীখালী, উলুচামরী, পানখালী, মৌলভী বাজার খারাংখালী, নয়াবাজার ও ঝিমংখালী এবং পশ্চিমে লম্বরী, দরগারছড়া, মিঠাপানির ছড়া এবং বঙ্গোপসাগর। টেকনাফ রেঞ্জের আওতায় টেকনাফ সদর, মোচনী, হ্নীলা ও মধ্য হ্নীলা নামক ৪টি বন বিট হয়েছে।

এখানে চিরহরিৎ ও মিশ্র চিরহরিৎ পাহাড়ী বনভূমি বিদ্যমান। মাটি প্রধানতঃ কর্দমাক্ত হতে কর্দমাক্ত দো-আশঁ এবং পাহাড়ে কর্দমাক্ত দো-আশঁ হতে মোটা বালি বিদ্যমান। বেশ কিছু পাহাড়ী ছড়া পূর্ব দিকে প্রবাহিত হয়ে নাফ নদীতে পতিত হয়েছে।

IPAC Clusters and Sites





চিত্র ১ ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা সমূহচিত্র ২ ঃ টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের ম্যাপ



চিত্র ৩ ঃ টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন ল্যান্ডস্কেপ এলাকা

১.২ সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য

- **জীববৈচিত্র্য সংরক্ষণ:** প্রাকৃতিক সম্পদের দিক থেকে টেকনাফ বন্যপ্রাণী অভয়ারন্য অত্যন্ড় গুর"ত্বপূর্ন। এই অভয়ারণ্যে ২৯০ প্রজাতির উদ্ভিদ, ৫৫ প্রজাতির স্ড়ন্যপায়ী প্রানী, ২৮৬ প্রজাতির পাখি, ৫৬ প্রজাতির সরীসৃপ এবং ১৩ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। অভয়ারণ্যের প্রধান প্রধান উদ্ভিদ গুলোর মধ্যে গর্জন, কড়ই, চাপালিশ, সেগুন, জাম, জার"ল ইত্যাদি এবং বন্যপ্রানীর মধ্যে হাতি, বানর, মুখপোড়া হনুমান, মায়া হরিণ, ধনেশ, প্যারাইল-া বানর, অজগর প্রভৃতি উলে- খযোগ্য। অত্যধিক জনসংখ্যার চাপে এবং অপরিকল্পিত বনজ সম্পদ আহরণের ফলে প্রাকৃতিক সম্পদ অর্থাৎ উদ্ভিদ ও বন্যপ্রাণী এখন মারাত্নক হুমকির সম্মুখীন। যেমন: এখানে মাত্র তিনটি প্যারাইল-া বানর রয়েছে, যা বাংলাদেশের আর অন্য কোন বনাঞ্চলে নেই। তাই এ অভয়ারণ্যের উদ্ভিদ ও বন্যপ্রাণী সংরক্ষণ অত্যন্ড় জর"রী।
- **ল্যান্ডস্কেপের উন্নয়ন:** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের ল্যান্ডস্কেপে বসবাসকারী জনগন বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। তাই ল্যান্ডস্কেপ এলাকায় বসবাসকারী জনগণের বন নির্ভলশীলতা কমানোর জন্য এ এলাকায় প্রাকৃতিক সম্পদের সম্প্রসারণ এবং জনগণের বিকল্প কর্ম সংস্থানের ব্যবস্থা করা না গেলে প্রাকৃতিক সম্পদের সংরক্ষন এবং উন্নয়ন সম্ভব হবে না।
- **ইকো-টুরিজম সম্প্রসারণ:** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের পূর্ব দিকে নাফ নদী, দক্ষিন এবং পশ্চিমে বঙ্গোপসাগর বিধায় এখানে পর্যটকের বেশ সমাগম ঘটে। এখানে আরো বেশ কিছু ঐতিহাসিক দর্শনীয় স্থান রয়েছে যথা: কুদুম গুহা, মাথিনের কূপ, দ্বিতীয় বিশ্ব যুদ্ধের বাংকার, তৈঙ্গা পাহাড়, টেকনাফ ন্যাচার পার্ক, রাখাইন সম্প্রদায়ের যাদীমুরা প্রভৃতি উলে- খযোগ্য। এসব এলাকা সম্পর্কে জনগনকে ব্যাপকভাবে জানানোর মাধ্যমে এলাকার ইকো-টুরিজমকে আরো সম্প্রসারিত করা প্রয়োজন।
- **জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়া মোকাবেলা:** বনের গাছপালা কমে যাওয়ায় প্রতি বছর পাহাড় ধ্বস হচ্ছে। গত বছর এখানে প্রায় অর্ধ শত মানুষ পাহাড় ধ্বসে মারা যায়। তাছাড়া এখানে বন্যা ও জলাবদ্ধতা দেখা দেয়। তাই প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষা পাওয়ার জন্য জনগণকে ব্যাপকভাবে সচেতন করে তোলা প্রয়োজন।
- **বনজ সম্পদের অপব্যবহার রোধ:** প্রাকৃতিক বনজ সম্পদের মধ্যে এখানে বন্য পশুপাখি, বৃক্ষরাজি, পাথর, ইত্যাদি উলে- খযোগ্য। অবৈধভাবে স্থানীয় জনগোষ্ঠী এ সব অমূল্য সম্পদ সংগ্রহ করছে এবং ধ্বংস করছে। তাই প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার স্বার্থে প্রতিটি প্রাকৃতিক সম্পদ যথাযথভাবে সংরক্ষণের উদ্যোগ নেওয়া জর"রী।
- **বন নির্ভরশীল জনগোষ্ঠীর উন্নয়ন:** অতি দারিদ্র্যের কারণে এলাকার বহু লোক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্ন বনজ সম্পদের উপর নির্ভরশীল। প্রাকৃতিক সম্পদের যথাযথ সংরক্ষণ ও উন্নয়নে বন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্ম সংস্থান/আয়ের ক্ষেত্র সৃষ্টি করা না গেলে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ অত্যন্ড় কঠিন হবে। তাই স্থানীয় বন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প আয়ের ব্যবস্থা করার উদ্যোগ নিতে হবে।
- **রক্ষিত এলাকা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি:** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য একটি সংরক্ষিত বন। এখানকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবহারে সরকারের বিভিন্ন আইন কানুন রয়েছে। তাই এ এলাকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও জনগোষ্ঠীর ব্যবহারের ব্যাপারে জনগণকে ব্যাপকভাবে সচেতন করা প্রয়োজন।

উপরোক্ত পদক্ষেপ গুলি সহ-ব্যবস্থাপনায় নিয়োজিত নেতৃবৃন্দ যাতে নিজেরাই একটি পরিকল্পনার মাধ্যমে লিপিবদ্ধ করত: নিজেরাই এর বাস্ড়বায়ন করতে পারেন সে বিষয়ে উপযোগী করে গড়ে তোলাই এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের মূল উদ্দেশ্য।

২.০ জীববৈচিত্র্য সংরক্ষণের বৈশিষ্টসমূহ/আরোপকরণ

২.১ জীববৈচিত্র্যের গুর"ত্ব: কোন এলাকার জীববৈচিত্র্য সংরক্ষনের গুর"ত্বের বিষয়ে বলার অপেক্ষা রাখে না। জীববৈচিত্র্য প্রতিবেশের অবিচ্ছেদ্য অংশ। এদের ছাড়া পরিবেশ ও প্রতিবেশ কল্পনাও করা যায় না। জীববৈচিত্র্য যে কোন নিদিষ্ট বাস্তুতন্ত্রের খাদ্য শৃঙ্খলের প্রধান নিয়ামক। এদের ছাড়া খাদ্য উৎপাদন, পচন এবং পুনরায় খাদ্য শৃঙ্খলে ফিরে আসা অসম্ভব। বাস্তুতন্ত্রের সকল জীব ও জড় উৎপাদনের ধারাবাহিকতা ঠিক রাখতে জীববৈচিত্র্য গুর"ত্বপূর্ণ ভুমিকা পালন করে। জীববৈচিত্র্য বিনষ্ট হলে মানুষের অস্ি"ত্বও হুমকির মধ্যে পড়বে। জীববৈচিত্র্যের গুর"ত্ব মোটামুটি নিম্নরূপ:

- **প্রাকৃতিক ভারসাম্য রক্ষা:** প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় জীববৈচিত্র্য এক গুর"ত্বপূর্ন অবদান রাখে। উদ্ভিদ ও প্রাণী তার জীবন চক্রের প্রতিটি ধাপে এক অন্যের উপর নির্ভরশীল।
- **ইকো-টুরিজমের সুরক্ষা:** এখানে বিদ্যমান ইকো-টুরিজম স্পট সমূহের যোগাযোগ সহজীকরন, প্রচার এবং বিদ্যমান সুযোগ সুবিধা সমূহ আরো উন্নত করা হলে ইকো-টুরিজম স্পটগুলো আরো আর্কষণীয় আয় বর্ধক ক্ষেত্র হিসেবে পরিগনিত হতে পারে।
- **ভূ-প্রাকৃতিক ব্যবস্থার উন্নতি:** এলাকায় বিদ্যমান পাহাড়, ছড়া ও জলাশয়গুলো বিজ্ঞান ভিত্তিকভাবে সংরক্ষণ ও উন্নয়ন করা হলে জীববৈচিত্র্য আরো সম্মৃদ্ধ হবে।
- **জলবায়ুর পরিবর্তন রোধ:** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের উপর স্থানীয় জনগোষ্ঠীর নির্ভরশীলতা ব্যাপক। ফলে এলাকার প্রাকৃতিক সম্পদ দিন দিন ধ্বংস হচ্ছে। তাছাড়া বাড়ছে প্রাকৃতিক দূর্যোগও। তাই জলবায়ু পরিবর্তন রোধ কল্পে প্রাকৃতিক বন রক্ষার উদ্যোগ নেওয়া জর"রী।
- **দেশের মোট বনাচ্ছাদিত ভূমির পরিমাণ বৃদ্ধি:** জন সংখ্যা বৃদ্ধির ফলে আবাদী ভূমির বৃদ্ধির সাথে সাথে বনভূমি সংকোচিত হচ্ছে। তাই জবরদখলকৃত বনভূমি পুনর"দ্ধার, বৃক্ষশূন্য পাহাড়ে বনায়ন এবং বনাঞ্চল সংরক্ষণে বিদ্যমান আইন আরো যুগোপযোগী করার পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।

২.২ জীববৈচিত্র্য সংরক্ষণের উপযোগিতা/উপকারিতা

- **বিপন্ন প্রাণী বাঁচিয়ে রাখা:** বানর, হাতি, উল-ুক সহ বিপন্ন প্রজাতির বন্যপ্রানী সংরক্ষণে, আবাস্থল পুনর"দ্ধার বিষয়ে স্থানীয় জনগনের সচেতনতা সৃষ্টির পদক্ষেপ গ্রহন করা জর"রী।
- **বিলুপ্তপ্রায় দেশীয় উদ্ভিদ ও প্রাণী প্রজাতি বৃদ্ধি:** বিপদাপন্ন প্রজাতিসমূহের জন্য নিরাপদ আবসস্থল সৃষ্টি,বৃক্ষ রোপণ ও বন্যপ্রাণী প্রজননের ব্যবস্থা করা যেতে পারে।
- **দরিদ্র জনগোষ্টীর জীবন ও জীবিকার ইতিবাচক পরিবর্তন:** বিভিন্ন বিকল্প আয় বর্ধক কর্মসূচীর মাধ্যমে দরিদ্র জনগোষ্টীর অর্থিক অবস্থার উন্নয়ন করা অতীব জর"রী যাতে তারা প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে যথাযথ অবদান রাখতে পারে।
- **পরিবেশ বান্ধব পর্যটন শিল্পের উন্নয়ন:** বিদ্যমান প্রাকৃতিক পর্যটন স্পট সমূহের প্রাকৃতিক পরিবেশ অক্ষুন্ন রেখে বিভিন্ন উন্নয়ন মূলক পরিকল্পনা গ্রহন ও বাস্ড়বায়নের মাধ্যমে পরিবেশ পর্যটনের বিকাশ ঘটানো সম্ভবপর।
- **ভূমিক্ষয় প্রতিরোধ:** ব্যাপক হারে বনায়ন করে ভূমিক্ষয় প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

২.৩ বন্যপ্রাণী সংরক্ষণ

'বন আইন ১৯২৭' এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' অনুযায়ী টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের ব্যবস্থাপনা ও সম্পদ সংরক্ষণ কক্সবাজার দক্ষিন বন বিভাগ কর্তৃক সম্পাদন করা হচ্ছে।

বাধা সমূহ ঃ

- ❖ চোরা শিকারীরা ফাঁদ পাতে বা অন্য কোন প্রক্রিয়ায় এই অভয়ারন্যে বন্যপ্রাণী শিকার করে।এ ধরনের শিকার বন্ধের কঠোর উদ্যোগ নেওয়া প্রয়োজন।
- ❖ কৃষি কাজের জন্য জমি তৈরী করতে, ছন সংগ্রহ করতে বা পান চাষের জন্য বনে আগুন দেওয়া হয়। এর ফলে বন্যপ্রাণী আতঙ্কিত হয় এবং তাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হয়। তাই এ সকল কার্যক্রম বন্ধে কঠোর উদ্যোগ নেওয়া প্রয়োজন।
- ❖ বন্যপ্রাণীর খাবার সরবরাহকারী উদ্ভিদ প্রজাতির সংখ্যা দিন দিন কমে যাচ্ছে, ফলে সৃষ্ট খাবার সংকটের কারনে বন্যপ্রাণী লোকালয়ে প্রবেশ করছে অতঃপর মানুষের হাতে ধরা পড়ে প্রাণ হারাচ্ছে। পর্যাপ্ত বনাচ্ছাদন না থাকায় এবং বিশেষ বিশেষ বন্যপ্রাণীর জন্য প্রয়োজনীয় বিশেষ বিশেষ প্রজাতির গাছ এবং বড় গাছের সংখ্যা কমে যাওয়ায় খাদ্য এবং আবাস্থলের সংকট প্রকট হচ্ছে। এই সব সমস্যা সমাধানের জন্য যথাযথ উদ্যোগ জর"রী ভিত্তিতে নেওয়া প্রয়োজন।
- ❖ বনের অভ্য"ড়রে বিভিন্ন সম্পদ সংগ্রহ সহ নানাবিধ কারনে বন্যপ্রানী অভয়ারন্যে মানুষের অনুপ্রবেশ বাড়ছে এবং এটা বন্যপ্রাণীর স্বাভাবিক বিচরণ বাধাগ্রস্থ করছে। অবৈধ বৃক্ষ নিধন প্রক্রিয়া অব্যহত থাকায় বন্যপ্রাণীর আবাস্থল ও খাদ্যের সংকট হচ্ছে। এ সব সমস্যা সমাধানের জন যথাযথ উদ্যোগ নেওয়া প্রয়োজন।
- ❖ অবৈধ জবর দখল প্রক্রিয়া চলমান থাকায় দিন দিন বনভূমি সংকুচিত হচ্ছে এবং বন্যপ্রাণীর ওপর এর নেতিবাচক প্রভাব পড়ছে। জবরদখলকৃত এ সকল বনভূমি দখলমুক্ত করার ব্যবস্থা গ্রহণ সহ পুন: বনায়নের আওতায় আনা যেতে পারে।

২.৪ বনাঞ্চলের সীমারেখা

- ❖ **বনাঞ্চল জরিপ/জোনিং করা:** আধুনিক প্রযুক্তি ব্যবহার করে বনাঞ্চল জরীপের মাধ্যমে বিভিন্ন জোনে ভাগ করে এর সীমানা চিহ্নিত করা যেতে পারে
- ❖ **প্রাকৃতিক চিহ্ন দিয়ে সীমানা সৃষ্টি :** বনাঞ্চলে বিদ্যমান বিশেষত গর্জন, সেগুন, তেলসুর প্রভৃতি গাছ এবং ছড়া, নদী অথবা রাস্ড়া ধরে বনের সীমানা নির্ধারন করা যেতে পারে
- ❖ **সীমানা পিলার স্থাপন:** জরীপ শেষে বনাঞ্চলের চারিপার্শ্বে কিছু দূর পর পর প্রয়োজন অনুযায়ী স্থায়ী পিলার স্থাপন করা যেতে পারে
- ❖ **জবরদখল প্রতিরোধ:** বনভূমি জবরদখল রোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি এবং বিদ্যমান সরকারী আইন কঠোরভাবে প্রয়োগ করে জবরদখল প্রতিরোধে পদক্ষেপ নেওয়া জর"রী।

২.৫ বনাঞ্চলের জীব ভৌত অবস্থা

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে বিভিন্ন প্রজাতির গাছ ও বিরল প্রজাতি সহ অসংখ্য জীব জন্তুতে ভরপুর। এখানকার বনের ধরন হচ্ছে ক্রান্ড়ীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ । এতে অনেক গুলি উচুঁ নীচু পাহাড় রয়েছে যা বাংলাদেশের পাহাড়ী বনের প্রতিনিধিত্ব করে। অভয়ারণ্য এলাকার মাটি মূলত বাদামী বর্নের, শিলামাটি, বেলে-দোআঁশ প্রকৃতির এবং অম্-ীয় তবে অম্- ত্বের মাত্রা স্থানভেদে কম বেশী হয়। এখানকার মাটি অপেক্ষাকৃত কম উর্বর কিন্তু আর্দ্র উষ্ণ মন্ডলীয় আবহাওয়ায় পতিত লতাপাতার পচন দ্র"ত ঘটে বিধায় মাটির উপরিভাগ অপেক্ষাকৃত হিউমাস সমৃদ্ধ। পাহাড়ের বেশ কিছু এলাকা বৃক্ষ শূন্য হওয়ায় প্রতি বছর এখানে ব্যাপক ভূমি ধ্বস হয়। তথাপি এখানে হাতি, হরিণ, প্যারাইল- া বানর, কাকড়া খেকো বানর, হনুমান, সজার", শুকর, বন মোরগ, বন বিড়াল, শিয়াল, ময়না, ধনেশ, টিয়া, পেঁচা, বক, শালিক, হায়না, অজগর সহ বিভিন্ন প্রজাতির সাপ রয়েছে। পাহাড়ী ছড়ায় বিভিন্ন প্রজাতির কচ্ছপ রয়েছে। পাহাড় হতে উৎপন্ন ছড়া ও ঝর্ণা নাফ নদীতে এবং নাফ নদী অতঃপর বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

৩.০ জীববৈচিত্র্য এবং আবাসস্থল

৩.১ প্রতিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রাণিকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশে- ষণ

বনাঞ্চল এবং উদ্ভিদঃ টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্য মূলতঃ একটি ক্রান্ড্রীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন। এ বনকে সংরক্ষিত বন হিসেবে ঘোষণা করার আগে এখানে জুম চাষ করা হত। সংরক্ষিত বন ঘোষনার পরবর্তী পর্যায়ে ১৯৭৪ সালে গেইম রিজার্ভ এবং ২০০৯ সনে বন্যপ্রানী অভয়ারন্য হিসাবে ঘোষনা করা হয়। বর্তমানে এখানে কিছু প্রাকৃতিক ও সৃজিত বৃক্ষের বন রয়েছে। এখানে গর্জন, সেগুন, জাম, বটসহ বহু মূল্যবান গাছ এবং অতি বিপন্ন ও বিরল প্রজাতির হাতি, প্যারাইল- া বানর, উল-ুক, হনুমান, মায়া হরিণসহ বিভিন্ন প্রজাতির পশুপাখি আছে।

এ অভয়ারণ্যে ২৯০ প্রজাতির উদ্ভিদ, ৫৫ প্রজাতির স্ড়ন্যপায়ী প্রানী, ২৮৬ প্রজাতির পাখি,৫৬ প্রজাতির সরীসৃপ এবং ১৩ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। নাফ নদী নিকটবর্তী থাকায় পাখির খাদ্য সহজলভ্য হলেও পাকা সড়ক থাকায় গাড়ি চলাচল এবং শব্দ দূষণের ফলে পাকপাখালি হারিয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। এখানকার কিছু প্রাণী ও উদ্ভিদ প্রজাতি বর্তমানে সংকটাপন্ন।

কৃষিঃ টেকনাফ অভয়ারন্যের ল্যান্ডস্কেপে ধান, পান, তরমুজ, শশা, ক্ষীরা, বেগুন, মরিচ, আলু, কচু, হলুদ, বিভিন্ন সব্জি আবাদ করা হয়।

৩.১.১ বনাঞ্চল ভিত্তিক পণ্যসমূহ

টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্যের উৎপাদিত পন্যসমূহ বনের ওপর নির্ভরশীল হতদরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকায়নে গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ বনে উৎপাদিত উল্লেখযোগ্য পন্যগুলি হল: ঘরবাড়ী ও আসবাবপত্র তৈরির কাঠ, জ্বালানী কাঠ, ঔষুধি গাছ, বাঁশ ও বেত, অর্কিড, মধু, বিভিন্ন প্রকার ফল ফলাদি, ছন, পান, ধানসহ বিভিন্ন ফল ও সব্জি।

৩.২ জীববৈচিত্র্যের ব্যবহার

টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্যের চারপাশে বিশাল জনগোষ্ঠী বসবাস করে। দৈনন্দিন চাহিদা মেটানোর পাশাপশি জীবন ও জীবিকার প্রয়োজনে তারা এ বন থেকে নিয়মিত জ্বালানি কাঠ, বাঁশ, বেত, বনজ ফলমূল, মধু ইত্যাদি সংগ্রহ করে। যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানকার উৎপাদিত পন্য দেশের বিভিন্ন জায়গায় সহজে পরিবহন ও সরবরাহ করা যায়।

৪.০ জীববৈচিত্র্য ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা

৪.১ বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতিসমূহ

- বর্তমানে টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যটি সহ-ব্যবস্থাপনার পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। 'নিসর্গ সহায়তা প্রকল্পের' সহায়তায় এখানে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হয়। সরকার প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। এক্ষেত্রে অংশগ্রহণ ও সহযোগিতার ভিত্তি হচ্ছে, রক্ষিত এলাকা/প্রাকৃতিক বন ও জলাভূমি থেকে প্রাপ্ত সুফল বা উপকার সকল অংশগ্রহণকারী ও সহযোগিদের মধ্যে সুষমবণ্টন এবং সিদ্ধান্ড় গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশগ্রহনের নিশ্চয়তা। অংশগ্রহণ ও সহযোগীতার মাধ্যমে প্রাকৃতিক বন সংরক্ষণের এ প্রক্রিয়াটিকে 'সহ-ব্যবস্থাপনা পদ্ধতি' বলা হয়। সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে বর্তমানে তিনটি সহ-ব্যবস্থাপনা সংগঠন নিয়োজিত আছে। এ সংগঠন গুলি দ্বিস্ড়র বিশিষ্ট। প্রথম স্ড়র হল

সহ-ব্যবস্থাপনা কাউন্সিল যা নীতি নির্ধারণী স্ড়র হিসেবে কাজ করে এবং দ্বিতীয় স্ড়র হল সহ-ব্যবস্থাপনা কমিটি যা নীতিমালার আলোকে গৃহীত কার্যক্রম বাস্ড়বায়ন করে। উপরোক্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বন্যপ্রাণী অভয়ারণের টেকনাফ রেঞ্জের আওতায় টেকনাফ সহ-ব্যবস্থাপনার অধীন ৪৩টি ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ), ১টি পিপল্ ফোরাম (পিএফ), ৫টি কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি, ১টি মহিলা গ্রুপ) এবং ৩টি ফরেষ্ট কনজারভেশন ক্লাব (এফসিসি) গঠন করা হয়েছে।

৪.২বন্যপ্রাণী ব্যবস্থাপনা

বন আইন ১৯২৭ এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' এর নির্দেশনা অনুযায়ী বন অধিদপ্তরের 'কক্সবাজার দক্ষিণ বন বিভাগ, কক্সবাজার' এ অভয়ারণ্যের ব্যবস্থাপনায় করণীয় ভূমিকা পালন করে থাকে। উলেণ্ঢখিত আইন অনুযায়ী, টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্যের ১১,৬১৫.০ হেক্টর সীমানার মধ্যে কোন প্রকার বনজ দ্রব্য আহরণ, পরিবহন ও অপসারণ সম্পূর্ণ ভাবে নিষিদ্ধ।

টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্নিত ব্যবস্থাদি গ্রহন করা যেতে পারে ঃ

- **পশু খাদ্যের বাগান সৃজন :** এই অভয়ারণ্যের গুরুত্বপূর্ণ প্রাণী হচ্ছে হাতি, উল-ুক, প্যারাইল-া বানর, হনুমান প্রভৃতি। খাদ্যাভাবে এরা দিন দিন বিলুপ্তির পথে এগিয়ে যাচ্ছে। এমনকি খাদ্যের সন্ধানে অনেক সময় এরা লোকালয়েও চলে আসে। যার দরুন প্রতি বছর টেকনাফ এর বিভিন্ন গ্রামাঞ্চলের বেশ কিছু মানুষ এবং বাড়ী ঘর হাতি অথবা অন্যান্য বন্যপ্রানী দ্বারা আক্রান্ড় হয়। তাই জরুরী ভাবে বিশেষ এলাকা চিহ্নিত করে বাঁশ, কলাসহ বিভিন্ন পশু খাদ্যের বাগান সৃজন করা জরুরী।
- **আবাসস্থল উন্নয়ন :** বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়নের জন্য ন্যারা পাহাড়ে উপযুক্ত প্রজাতির চারা দ্বারা বনায়ন কার্যক্রম হাতে নেওয়া যেতে পারে
- **বংশ বৃদ্ধি/উন্নয়ন করা :** অতি বিপন্ন উদ্ভিদ ও প্রাণী প্রজাতিসমূহের বংশ বৃদ্ধির লক্ষ্যে প্রযোজনীয় প্রজনন কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেওয়া যেতে পারে
- **পশু পাখি রক্ষায় জনমত সৃষ্টি :** গাছপালা এবং পশুপাখি যে পরিবেশের অভিচ্ছেদ্য অংশ তা বনের আশেপাশে বসবাসকারী জনগণকে বুঝানোর জন্য বিভিন্ন সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন এবং তা দৃষ্টি নন্দন ভাবে বাস্ড়বায়নের উদ্যোগ নেওয়া প্রয়োজন।

৪.৩ জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধার

টেকনাফের এই বনকে প্রথমে সংরক্ষিত বনাঞ্চল হিসাবে ঘোষনা করা হয়। পরবর্তীতে টেকনাফ গেইম রিজার্ভ এবং বর্তমানে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্য হিসাবে ঘোষনা করা হয়েছে। ফলে এর আবাসস্থল উন্নয়ন ও রক্ষার প্রয়োজনে বন বিভাগ অবৈধ বৃক্ষ নিধন, বন্যপ্রাণি শিকার, বনে আগুন দেয়া ইত্যাদি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহন করেছে। বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে স্বীকৃতি লাভের পরেও এ বন ব্যবস্থ্যাপনার দায়িত্ব 'কক্সবাজার দক্ষিণ বন বিভাগ, কক্সবাজার' এর উপরই থেকে যায় এবং তখন থেকে প্রয়োজনের তুলনায় অপ্রতুল হলেও আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধারে এই বন বিভাগটি নানাবিধ কার্যক্রম পরিচালনা করে চলেছে। সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হওয়ায় বর্তমানে অংশিদারিত্বের ভিত্তিতে এর জীববৈচিত্র্য এবং আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনরুদ্ধারের চেষ্টা চলছে।

৪.৪ পরিবেশ বান্ধব পর্যটন

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত হওয়ায় এবং এর যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানে পরিবেশ বান্ধব পর্যটনের উজ্জ্বল সম্ভাবনার ক্ষেত্র উম্মোচিত হয়েছে। সহ-ব্যবস্থাপনা কমিটি এর ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করায় এবং অভয়ারণ্যের অভ্যন্ড়রে ও বাইরে নানাবিধ পরিবেশ বান্ধব পর্যটন সুবিধার বিস্ড়র ঘটায় এখানে উলেণ্ঢখযোগ্য সংখ্যক দেশী বিদেশী পর্যটকের আগমন ঘটছে এবং এ খাত হতে নভেম্বর, ২০০৯ থেকে ডিসেম্বর ২০১১ পর্যন্ড় পাকিং এবং প্রবেশ ফি থেকে আয় হয়েছে ১,০৪,৬৮০/- টাকা। সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী,

রক্ষিত এলাকা হতে প্রবেশ ফি ও অন্যান্য আয় হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর সহ-ব্যবস্থাপনা কমিটিকে প্রদান করা হয়। এ অর্থ দ্বারা সহ-ব্যবস্থাপনা কমিটি এই বন্যপ্রানী অভয়ারন্য ও তৎসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকার সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজে ব্যয় করে। অর্জিত সরকারী রাজস্ব হতে সহ-ব্যবস্থাপনা সংগঠন তথা স্থানীয় জনসাধারণকে সরকার কর্তৃক ভাগ প্রদানের ঘটনা আমাদের দেশে নজিরবিহীন। বন্যপ্রাণী অভয়ারণ্য কেন্দ্রিক ১টি ইকো কটেজ, ১টি টুরিস্ট শপ, ১টি পিকনিক স্পট, গাড়ি পার্কিং স্থান, টয়লেট সুবিধা, পানি সরবরাহ, টুরিস্ট শেড, বসার বেঞ্চ ইত্যাদি তৈরী করা হয়েছে। এখানে ৬ জন প্রশিক্ষিত ইকো-ট্যুর গাইড আছে। এছাড়া বন রক্ষায় এবং পর্যটকদের নিরাপত্তা বিধানের জন্য বন বিভাগ ও সিপিজির সদস্যরা যৌথ টহলে নিযোজিত থাকেন।

৪.৫ বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পণ্য ব্যবস্থাপনা

পূর্বে নির্দিষ্ট অংকের রাজস্ব প্রদানের বিনিময়ে বন হতে উৎপাদিত পণ্য আহরণের জন্য পারমিট প্রদান করা হতো। তবে অভয়ারন্য হিসাবে ঘোষনার পর পারমিট পদ্ধতি বন্ধ করা হয়েছে। তদুপরি বনের ভিতর ও আশেপাশের বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠী তাদের জীবিকায়নের প্রয়োজনে অবৈধভাবে এর সম্পদসমূহ আহরন করে থাকে। তবে এ ধরণের প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রনয়ন এবং এর সঠিক প্রয়োগ বাঞ্চনীয়।

৪.৬ অভয়ারন্য ব্যবস্থাপনার বাধা সমূহঃ

- ❖ টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য ম্যাপ নিয়মিতভাবে হাল নাগাদ না করা
- ❖ নিয়মিত বা নির্ধারিত বিরতিতে বন শুমারী না করা
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় জনবলের অভাব
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় পরিবহন ও আধুনিক উপকরণের স্বল্পতা
- ❖ বন কর্মীদের আধুনিক বন ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে ওয়াকিবহাল না থাকা
- ❖ যৌথ বন টহল দলের সদস্যদের মাঝে পারস্পরিক আস্থার অভাব
- ❖ সরকারী অন্যান্য নিরাপত্তা বাহিনীর সাথে বন বিভাগের কার্যকরী যোগাযোগের অভাব
- ❖ কমিউনিটি পেট্রলিং গ্রুপের জন্য অপ্রতুল আর্থিক সুযোগ সুবিধা
- ❖ একটি কার্যকর সহ-ব্যবস্থাপনা কমিটি অদ্যাবধি প্রতিষ্ঠিত না হওয়া

৪.৭ প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যুসমূহঃ

বনবিভাগের সহযোগী সংগঠন হিসাবে সহ-ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম নিয়মিত এবং সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত পদক্ষেপ সমূহ জরুরী ঃ

- ❖ **নিয়মিত সিএমসি/সংশি- ষ্ট কমিটির সভাঃ** সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী সিএমসির নিয়মিত সভা নিদিষ্ট সময়ে আয়োজনের ব্যবস্থা করা
- ❖ **রেজুলেশন ও প্রতিবেদন :** প্রতিটি সভার বিভিন্ন আলোচ্য বিষয়ে গৃহীত সিদ্ধান্ড় সমূহ কার্য বিবরণী হিসেবে তৈরী করত: সংশি- ষ্ট মহলে যথা সময়ে প্রেরণ নিশ্চিত করা
- ❖ **আয় ব্যয়ের স্বচ্ছতাঃ** সিএমসির আয় ব্যয়ের হিসাব প্রতিটি কমিটির সভায় উপস্থাপন করতঃ সংশি- ষ্ট সকলকে অবহিত করা এবং বছর শেষে তার অডিট করানো। উলেণ্টখ্য যে খরচের বাজেট সহ-ব্যবস্থাপনা কাউন্সিল কর্তৃক অনুমোদন করাতে হবে
- ❖ **জবাবদিহিতা ও আমানতদারিতা :** প্রতিটি সদস্যের উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে এবং সম্পাদিত দায়িত্ব সম্পর্কে যে কোন সময় জবাবদিহিতার জন্য প্রস্তুত থাকতে হবে

৫.০ ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা

৫.১ ল্যান্ডস্কেপ পন্থা

ল্যান্ডস্কেপ পন্থা হল এমন একটি উপায় যার মাধ্যমে বন্যপ্রানী অভয়ারন্যের ব্যবস্থাপনা কার্যক্রম শুধূমাত্র অভয়ারণ্যের অভ্যন্ড়রের সম্পদ, জীববৈচিত্র্য, প্রতিবেশ ইত্যাদির উপর নির্ভরশীল না হয়ে অভয়ারণ্য ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান সকল উপাদান অর্থাৎ পরস্পর সম্পর্কযুক্ত আবাসস্থল/বন, প্রতিবেশ ব্যবস্থা, নির্ভরশীল জনগোষ্ঠী, সামাজিক/প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে যথাযথ গুর"ত্ব প্রদান তথা পরস্পর সমন্বয় সাধনের মাধ্যমে একটি সম্পূরক ব্যবস্থাপনা পদ্ধতি প্রনয়ন পূর্বক তা বাস্ড়বায়ন করা।

৫.২ রক্ষিত এলাকার সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা

টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন ল্যান্ডস্কেপের গ্রামগুলো নিম্নর"প ঃ

- পশ্চিমে শীলখালী রেঞ্জের রাজারছড়া বিট হতে শুর" করে দক্ষিনে হাবিরছড়া, মিঠাপানিরছড়া, দরগারছড়া, হাতিয়ারঘোণা, লম্বরী, পর্যটন বাজার, লেঙ্গুর বিল, তুলাতলি, মহেশখালীপাড়া, কচুবনিয়া, সাবরাং, চান্দনীপাড়া, নয়াপাড়া, চকবাজার, শিলবনিয়াপাড়া, কুলালপাড়া, জাহালিযাপাড়া, কাইককালিপাড়া, নাইথ্যংপাড়া, বড়ইতলী, কের"নতলী, দমদমিয়া, মোচনী, লেদা, রঙ্গীখালী, চোধুরীপাড়া, শিকদারপাড়া, হ্নীলা এবং মৌলভীবাজার পযন্ড়র রাস্ড়র দু-পার্শ্বে মোট ৪৩টি গ্রাম/পাড়া
- **গ্রামাঞ্চল হাটবাজার :** ল্যান্ডস্কেপ এলাকায় বেশ কিছু দৈনিক ও সাপ্তাহিক হাট বাজার নিয়মিত বসে
- **জলাভূমি নদী :** পাহাড় হতে উৎপন্ন কিছু ছড়া এবং খাল নাফ নদীতে পতিত হয়েছে। নাফ নদী পরবর্তীতে বঙ্গোপসাগরে পতিত হয়েছে
- **বিদ্যমান কৃষি জমিঃ** ল্যান্ডস্কেপ এলাকায় কৃষি জমি বিদ্যমান যেখানে বিভিন্ন ধরণের ফসল নিয়মিত চাষ করা হয়
- **উপজাতি পল-ী :** ল্যান্ডস্কেপ এলাকায় রাখাইন ও মগ সম্প্রদায়ের বসতি রয়েছে
- **শিক্ষা প্রতিষ্ঠান :** ল্যান্ডস্কেপ এলাকায় স্কুল, মাদ্রাসা, কলেজ এবং এনজিও সংস্থার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে

৫.৩ ভূমি ব্যবহারের বর্তমান অবস্থা

টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন এলাকায় বিভিন্ন মেয়াদী বাগান যথা: ৭০ হেক্টর এলাকায় দীর্ঘমেয়াদী, ৮৮৮ হেক্টর এলাকায় স্বল্প মেয়াদী বাগান ছাড়াও বাঁশ ও বেত বাগান রয়েছে। টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে অবৈধভাবে বনভূমি দখল অব্যাহত আছে। বর্তমানে প্রায় ১০০৭.৫৭ হেক্টর জমি জবর দখলে আছে। এখানে ভিলেজারের সংখ্যা ১১২।

বনের অভ্যন্ড়রে যে সকল এলাকায় প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পূনর"জ্জীবন প্রক্রিয়া সংঘটিত হচ্ছে না এমন কিছু এলাকায় বন বিভাগ ইতিমধ্যে এনরিচমেন্ট বাগান সৃজন করেছে। ল্যান্ডস্কেপ এলাকার বিভিন্ন রাস্ড়র (সড়ক ও জনপথ, ইউনিয়ন পরিষদ, এলজিইডি ইত্যাদি) দুই ধারে অংশীদারিত্বের ভিত্তিতে স্ট্রীপ বা সড়ক পার্শ্ব বনায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। স্থানীয় জনসাধারণ ল্যান্ডস্কেপ এলাকার নিজস্ব জমিতে এবং অনেক সময় অবৈধভাবে জবরদখলকৃত বনভূমিতে কৃষি কাজ মূলতঃ ধান ও সব্জি চাষ করে। কৃষি ও সব্জি চাষে উৎপাদিত ফসল তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জনেও সহায়তা করে।

৫.৪ স্টেকহোল্ডার পর্যালোচনা

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে নিম্নলিখিত তিন ধরনের স্টেকহোল্ডার রয়েছে। যথা:

- **প্রাতিষ্ঠানিক স্টেকহোল্ডার ঃ** বনবিভাগ, এনজিও, ইউনিয়ন পরিষদ, ব্যাংক, বিজিবি এবং পুলিশ

- ❖ **প্রাথমিক স্টেকহোল্ডার ঃ** জ্বালানী কাঠ সংগ্রাহক, অবৈধ বৃক্ষ নিধনকারী ও পাচারকারী, বাঁশ ও কাঠ সংগ্রাহক, শাক-সব্জি সংগ্রহকারী, মধু সংগ্রহকারী, বনের জমি জবরদখলকারী, পান চাষি, পর্যটক, শিকারী
- ❖ **দ্বিতীয় স্ড়রের স্টেকহোল্ডার ঃ** কাঠ ব্যবসায়ী, স মিল মালিক, ইট ভাটার মালিক, ফার্নিচার ব্যবসায়ী, ইত্যাদি।

বর্তমানে টেকনাফ সিএমসির আওতায় ৪৩টি গ্রাম/পাড়া রয়েছে। এখানে বসবাসকারী ৯০৫৮ পরিবারের সদস্য সংখ্যা অনুমানিক ৭৯,০২৬ জন। বয়স্ক শিক্ষার হার প্রায় ১৮%। জনসংখ্যা প্রায় ৫৩% কৃষি নির্ভর, ৩০% মৎস্যজীবী, ১০% দিন মজুর এবং ৭% অন্যান্য পেশায় জড়িত।

৫.৫ কৃষি জমি এবং বসত ভিটার ব্যবহার

ল্যান্ডস্কেপ এলাকার ব্যাক্তিমালিকানাধীন জমি এবং অনেক সময় দখলীয় বনভূমিতে ধান ও সব্জি চাষ করে স্থানীয় জনসাধারণ তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জন করে। ল্যান্ডস্কেপ এলাকায় পান, সুপারি, তরমুজ, ভাঙ্গি, ভূট্টা, ধান চাষ বেশ জনপ্রিয় এবং জীবিকা অর্জনের অন্যতম ফসল। বসত বাড়ীতে ফলজ, বনজ ও ঔষধী গাছ রোপণ ও পরিচর্যা করা হয়।

৫.৬ বনভূমির অবৈধ দখল

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে অবৈধ বনভূমি দখল অব্যাহত আছে। বর্তমানে প্রায় ১০০৭.৫৭ হেক্টর জমি জবর দখলে আছে। মূলতঃ মাঠপাড়া, জাহালিয়াপাড়া, মোচনী, লেদা, রংঙ্গীখালী, হ্নীলা ও কানজরপাড়ার লোকজন কৃষি কাজে ও বসত ভিটা হিসেবে ব্যবহারের জন্য এ জমি জবরদখল করেছে। রাজনৈতিক প্রভাব খাটিয়েও কিছু কিছু বনভূমি জবর দখল করার চেষ্টা করা হচ্ছে। তাছাড়া ফরেস্ট ভিলেজাররাও বেশ কিছু জমি জবরদখল করেছে। এ সমস্ড় জবরদখলকৃত জমি পূনর"দ্ধারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা আশু প্রয়োজন।

পার্ট - ২

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশমালা

১.০ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা

১.১ উদ্দেশ্য

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের উদ্দেশ্য হল টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য অন্ড়র্ভূক্ত সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ বন এলাকা টিকিয়ে রাখা এবং এর নির্বাচিত জীববৈচিত্র্যকে সর্বোচ্চ সম্ভাব্য অবস্থায় ধরে রাখাসহ সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত নেতৃবৃন্দকে উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন এবং তা বাস্ড়বায়নের বিষয়ে প্রশিক্ষন প্রদান। এই পরিকল্পনার প্রধান উদ্দেশ্য গুলো নিম্নরূপ ঃ

- ❖ এমন একটি সহ-ব্যবস্থাপনা গড়ে তোলা যা অভয়ারণ্যের মধ্যকার জীববৈচিত্র্য সংরক্ষণ এবং উন্নয়নের জন্য গৃহীত দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্ড়বায়নে সাহায্য করাসহ নিজেদের উন্নয়ন পরিকল্পনা নিজেরাই প্রনয়ন এবং তা বাস্ড়বায়ন করা। এখানে এলাকার স্থানীয় লোকদের প্রধান স্টেকহোল্ডার হিসেবে সহ-ব্যবস্থাপনায় অন্ড়র্ভূক্ত করা হবে
- ❖ সকল স্টেকহোল্ডারদের অংশীদারিত্বের ভিত্তিতে এবং মূল স্টেকহোল্ডার ও স্থানীয় অধিবাসীদের মতানৈক্যের ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা দলের অনুবর্তী হয়ে জীববৈচিত্র্য সংরক্ষণে কাজ করা
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা প্রণয়ন, কর্ম প্রক্রিয়া নির্ধারণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক কাজের সক্ষমতা অর্জন এবং তা উত্তরোত্তর বৃদ্ধি করা
- ❖ টিকে থাকতে সক্ষম এমন বন্যপ্রাণীকে সংরক্ষণ করা যার অন্ড়র্ভূক্ত থাকবে ভয়াবহ বিপদের সম্মুখীন প্রাণী, হুমকীর মুখে থাকা প্রাণী, সংরক্ষিত প্রাণী এবং দুর্লভ ও প্রায় হারিয়ে যাওয়া প্রজাতির গাছ
- ❖ যত দ্র“ত সম্ভব উদ্ভিদকুল, প্রাণীকূল ও ভৌত উপাদান সম্পর্কিত বিষয় পুনর“দ্ধার করা এবং বজায় রাখা এবং বনজ প্রতিবেশের উৎপাদনশীলতা ধরে রাখা
- ❖ নির্দিষ্ট কিছু স্থানে পরিবেশ বান্ধব পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের ভ্রমণের জন্য নতুন ট্রেইল নির্মানসহ বিদ্যমান ট্রেইল এর উন্নয়ন সাধন
- ❖ সর্বোপরি, বিকল্প আয় সৃষ্টি সংক্রান্ড় কাজে কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় স্টেকহোল্ডারদের দক্ষতা বৃদ্ধি এবং জীবিকার উন্নয়ন

উপরোক্ত উদ্দেশ্যগুলো অর্জনের জন্য মুল কার্যক্রমের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম গুলোও হাতে নিতে হবে :

- ❖ জরিপের মাধ্যমে অভয়ারণ্য সীমানা চিহ্নিত করা
- ❖ একটি সহ-ব্যবস্থাপনা মডেল গড়ে তোলা এবং এর সাথে সম্পৃক্ত কাজে সংশি- ষ্ট নীতি বিষয়ক নির্দেশনা প্রণয়ন, সহ-ব্যবস্থাপনাকে রক্ষিত এলাকা সংরক্ষণের সাথে সংগতিপূর্ণ করে গড়ে তোলা যাতে সকল স্টেকহোল্ডারা একত্রে সিদ্ধান্ড়গ্রহনের মাধ্যমে তা বাস্ড়বায়ন করবে
- ❖ জীববৈচিত্র্যের উৎস্যসমূহের জরিপ পরিচালনা করা
- ❖ বন বিভাগের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা যাতে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় সংশি- ষ্ট বনবিভাগটি যথাযথ ভূমিকা রাখতে পারে
- ❖ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং সংরক্ষণ বিষয়ক ইস্যুতে সম্প্রসারণ কার্যক্রম গড়ে তোলা
- ❖ স্থানীয় স্টেকহোল্ডার এবং বন বিভাগের কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংরক্ষণ ব্যবস্থাপনা, বিকল্প আয় বৃদ্ধি ও সচেতনতা সৃষ্টিসহ রক্ষিত এলকার সুবিধা উন্নয়ন কার্যকর ভূমিকা পালনের সক্ষমতা অর্জন।
- ❖ অভয়ারণ্যের মধ্যে সংরক্ষণ এবং দর্শনার্থীদের জন্য সুবিধার উন্নয়ন করা
- ❖ অংশীদারিত্বের ভিত্তিতে আশেপাশের গ্রামগুলিতে বনায়নের মাধ্যমে বনজ সম্পদের যোগান বৃদ্ধি করা
- ❖ দেশীয় জাতের চারার মাধ্যমে বনায়নকে উৎসাহিত করা এবং ধীরে ধীরে বিদেশী জাতের গাছের স্থলে দেশীয় জাতের চারা রোপণ করা
- ❖ প্রধান স্টেকহোল্ডার বা বননির্ভর দরিদ্র জনগনের জন্য বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২ সহ-ব্যবস্থাপনা পদ্ধতি

সরকার প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিশে- ষণ করে রক্ষিত বন/জলাভূমি এলাকা ব্যবস্থাপনায় স্থানীয় জনগোষ্ঠীর অংশ গ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। সহ-ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশগ্রহণকারী ও সহযোগি সকলের মধ্যে রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুফল বা উপকার সুষমভাবে ভোগ করা সহ সহ-ব্যবস্থাপনা ও পরিচালনা বিষয়ে সিদ্ধান্ড় গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশ গ্রহণ নিশ্চিত করা। সকল স্টেকহোল্ডারদের কার্যকরী অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনার এই প্রক্রিয়াই হচ্ছে 'সহ-ব্যবস্থাপনা'।

১.২.১ সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্যসমূহ

- ❖ রক্ষিত এলাকার জীববৈচিত্র্যের দীর্ঘ মেয়াদী সংরক্ষণ নিশ্চিত করার পাশাপাশি স্থানীয় জনসাধারণকে প্রধান স্টোকহোল্ডার হিসাবে অংশ গ্রহনের সুযোগ সৃষ্টি করা
- ❖ রক্ষিত এলাকার আশপাশে বসবাসকারী জনগণের অংশ গ্রহণ ভিত্তিক বনজ সম্পদের ব্যবহার ও বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি এবং তাদের দক্ষতার উন্নয়ন ঘটানো
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য অবকাঠামো, প্রশিক্ষণ এবং যোগাযোগের সুযোগ সুবিধা সৃষ্টিসহ উন্নততর প্রশাসনিক কাঠামো নিশ্চিতকরণ
- ❖ পরিবেশ পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের জন্য পর্যাপ্ত সুযোগ সুবিধার ব্যবস্থা করা
- ❖ স্থানীয় জনগণের পরামর্শ ও সক্রিয় অংশ গ্রহণের মাধ্যম সহ ব্যবস্থাপনা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া
- ❖ রক্ষিত এলাকায় বন্যপ্রাণী ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা প্রদান করা এবং প্রয়োজনীয় গবেষণার বিষয় সনাক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব ও এর সাথে খাপ খাওয়ানোর কৌশল সম্পর্কে জনগণকে সচেতন করে তোলা

১.২.২ সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহ

সহ-ব্যবস্থাপনা সংগঠন হচ্ছে স্থানীয় জনগনকে সম্পৃক্ত করে সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সুনির্দিষ্ট রক্ষিত এলাকার ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে নিয়োজিত সংগঠন। এই সংগঠন হচ্ছে সরকার কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট রক্ষিত এলাকার সাথে বিভিন্ন ভাবে সম্পৃক্ত জনগোষ্ঠী ও সরকারি বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত। টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য ব্যবস্থাপনায় নিয়োজিত সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলো হলো: ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ), পিপলস্ ফোরাম (পিএফ), সহ-ব্যবস্থাপনা কাউন্সিল, সহ-ব্যবস্থাপনা কমিটি (সিএমসি)। এছাড়াও ব্যবস্থাপনায় আওতায় অন্যান্য সহযোগী সংগঠন গুলো হচ্ছে: কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি), ফরেস্ট কনজারভেশন ক্লাব (এফসিসি), সিবিও, আইন প্রয়োগকারী সংস্থার, সদস্য স্থানীয় সরকার বিভিন্ন সরকারী প্রতিষ্টানের প্রতিনিধি প্রমূখ।

প্রাকৃতিক সম্পদসমূহের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহের নেটওয়ার্কিং তৈরীর মাধ্যমে নিমোক্ত উদ্দেশ্যগুলো অর্জিত হতে পারে।

- ❖ সহ-ব্যবস্থাপনায় নিয়োজিত সকল সংগঠনসমূহের মধ্যে একটি কার্যকর নেটওয়ার্ক তৈরী করা
- ❖ রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনার জন্য কৌশলগত সামর্থ্য উন্নয়ন
- ❖ সহ-ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় নতুন নতুন এলাকা অন্ড়র্ভূক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় যথাযথ কর্মসূচী গ্রহণ এবং এর সঙ্গে খাপ খাওয়ানোর বিষয়টিতে যথেষ্ট গুরুত্ব প্রদান করা
- ❖ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে যথাযথ ব্যবস্থাপনা গ্রহন সহ জীববৈচিত্র্য সংরক্ষণে স্থানীয় জনগনের সক্রিয় অংশ গ্রহনের লক্ষ্যে সাহায্য/সহযোগিতা বৃদ্ধি করা
- ❖ বন নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর বনের উপর নির্ভরশীলতা কমিয়ে আনা ও বিকল্প কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২.৩ সুবিধাসমূহের বন্টন

৫০ শতাংশ রাজস্ব আয় রক্ষিত এলাকার উন্নয়নে ব্যয়

রক্ষিত এলাকায় সহ-ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মকান্ড হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের ব্যবস্থাপনায় ব্যয় করার জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির নিকট ফেরত প্রদানের ব্যবস্থা রয়েছে। যেমন: রক্ষিত এলাকায় দর্শনার্থী কর্তৃক প্রদেয় প্রবেশ ও পাকিং ফি এবং স্টুডেন্ট ডরমেটরী ব্যবস্থাপনা হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ সহ-ব্যবস্থাপনা কমিটির নিকট পরবর্তী বছর ফেরত দেয়া হয়। এছাড়াও বাফার এলাকায় সামাজিক বনায়নের মাধ্যমেও উপকারভোগীগন সৃষ্ট বন হতে নিমরূপ লভ্যাংশ পেতে পারেন :

ক) শালবন ব্যতীত বিদ্যমান বাগান ও প্রাকৃতিক বনের ক্ষেত্রে

১) বন অধিদপ্তর ৫০%

২) উপকারভোগী ৪০%

৩) বৃক্ষরোপণ তহবিল ১০%

খ) স্থানীয় জনগণ নিজেদের উদ্যোগে বন বিভাগের ভূমিতে গৃহীত সামাজিক বনায়নের ক্ষেত্রে

১) বন অধিদপ্তর ২৫%

২) উপকারভোগী ৭৫%

গ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার ভূমিতে সামাজিক বনায়নের ক্ষেত্রে

১) বন অধিদপ্তর ১০%

২) উপকাভোগী ৭৫%

৩) ভূমির মালিক সংস্থা ১৫%

উপরোক্ত কার্যক্রম বাস্ড়ায়নের ফলে সুবিধাভোগীদের উপকার নিশ্চিত হবে।

১.২.৪ ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের অভ্যন্ড়রে এবং আশেপাশে ব্যাপক সংখ্যক জনগনের বসবাস, যাদের অধিকাংশের জীবিকা বিদ্যমান বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। এই জনগোষ্ঠীর বিকল্প আয় সৃষ্টি, সামাজিক ও সামষ্টিক উন্নয়নে আইপ্যাক প্রকল্প বিভিন্ন প্রকার প্রশিক্ষন এবং বিকল্প আয় সৃষ্টির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এছাড়াও ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল প্রদানের মাধ্যমে দলীয় ভিত্তিক প্রকল্প গ্রহন এবং বাস্ড়বায়ন করে চলেছে। উলেণ্ঢখ্য যে টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ৪,৯৮,৫০০/- টাকা ব্যয়ে বিকল্প আয়বর্ধক কর্মসূচী বাস্ড়বায়ন করা হচ্ছে। কিন্তু এই বিশাল কর্মকান্ড অন্যান্য সংশি- ষ্টদের সহযোগিতা ছাড়া একক ভাবে আইপ্যাক প্রকল্পের মাধ্যমে অর্জন করা সম্ভবপর নয়। এজন্য নিসর্গ নেটওয়ার্ক সংশি- ষ্ট অংশীদার ও সমর্থনকারী বিভিন্ন সরকারী এবং বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগ ও অংশীদারিত্ব প্রয়োজন। বিকল্প আয় বৃদ্ধি ও ব্যবসায় উদ্যোগ সমূহে সংশি- ষ্ট সংস্থাকে জড়িত করার মাধ্যমে এলাকার জনগোষ্ঠীর আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভবপর হতে পারে। কোন সেবাদানকারী প্রতিষ্ঠান হতে তহবিল পাওয়া গেলে (যেমন: জিআইজেড, ইউএসএইড, আরণ্যক ফাউন্ডেশন, ইসি, ইত্যাদি) তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা।

২.০ আবাসস্থল পূনরুদ্ধার কর্মসূচি

২.১ উদ্দেশ্যসমূহ

টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের টেকনাফ সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন বনের আবাসস্থল পুনরুদ্ধার কর্মকান্ডের মূল লক্ষ্য হলো :

- ❖ উদ্ভিদ ও প্রাণীকূলের বংশ বৃদ্ধি সহ জীববৈচিত্রের সংরক্ষন এবং উন্নয়ন
- ❖ রক্ষিত অঞ্চলে জনবসতি স্থাপন বন্ধ ও কৃষি কাজ নিয়ন্ত্রণের মাধ্যমে নতুন বন সৃজনের মাধ্যমে জীববৈচিত্রের উন্নয়ন
- ❖ প্যারাইল- া বানর, হাতিসহ বিপদাপন্ন প্রাণীদের নিরাপদ বাসস্থান নিশ্চিত করা
- ❖ বন্যপ্রাণীর অবাধ চলাচল সহ খাদ্য ও আশ্রয় নিশ্চিত করা
- ❖ নিয়ন্ত্রিত ইকো-টুরিজমের বিকাশের মাধ্যমে পর্যটনের প্রসার
- ❖ জলাশয়ের বিজ্ঞান ভিত্তিক ব্যবহার নিশ্চিত করা

২.২ বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদকরণ

- ❖ বর্তমান বনাঞ্চল এবং ল্যান্ডস্কেপের বাস্ড়ব সম্মত ও পরিবেশ বান্ধব ম্যাপ তৈরী করা জরুরী
- ❖ ম্যাপে বিভিন্ন জোন, ঐতিহাসিক স্থান/নিদর্শন সুস্পষ্ট উলে- খ থাকা প্রয়োজন

২.৩ সীমানা চিহ্নিতকরণ

সীমানা চিহ্নিতকরণের জন্য যথাযথভাবে সার্ভে করার পর সীমানা সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সীমানা পিলার স্থাপনা করা যেতে পারে। এর পাশাপাশি সচেতনতা ও নির্দেশনামূলক সাইনবোর্ড ও বিলবোর্ডও স্থাপন করা দরকার। ইতিপূর্বে স্থাপিত সাইনবোর্ড ও বিলবোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেরামত ও পূণঃমুদ্রণ করা যেতে পারে।

২.৪ রক্ষিত এলাকায় অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/বিল সেচা এবং পশু চরানো নিয়ন্ত্রণ করা

উপরোক্ত বিষয়গুলো নিয়ন্ত্রনে নিম্নবর্নিত ব্যবস্থা গ্রহন করা যেতে পারে :

- ❖ অবৈধ গাছ কাটা নিয়ন্ত্রণে বন বিভাগের কর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ সহ যৌথ টহল ব্যবস্থা জোরদার করা
- ❖ বন টহল দল পূর্ণগঠন ও শক্তিশালী করা
- ❖ যৌথ টহল দলের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করতে প্রয়োজনীয় ব্যবস্থা করা। এক্ষেত্রে, বিভিন্ন দাতা সংস্থা হতে সাহায্য আহবান করা যেতে পারে
- ❖ রক্ষা কাজে দায়িত্ব পালনের ক্ষেত্রে মাঠকর্মী ও স্থানীয় লোকজনদের কেউ দৃষ্টান্ড়মূলক অবদান রাখতে পারলে তাকে পুরস্কারের ব্যবস্থা করা
- ❖ সহ-ব্যবস্থাপনার শক্তিশালী করনের মাধ্যমে স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি করা
- ❖ বন নির্ভর দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বিকল্প আয় বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্ড়বায়ন করা
- ❖ ল্যান্ডস্ক্যাপ এলাকার সামাজিক সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা
- ❖ অবকাঠামো (স্কুল, রাস্ড়াঘাট, ব্রীজ/কালভার্ট) উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গ্রহন ও বাস্ড়বায়ন করা
- ❖ আগুন নির্বাপনী প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা
- ❖ বনে গোচারণ বন্ধে গবাদি পশুর মালিকদের উদ্বুদ্দ করা
- ❖ বনভূমির অবৈধ দখল মুক্ত করা ও অবৈধ দখলরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা
- ❖ সিএম সি ও বন বিভাগের মধ্যে সমন্বয় সভার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ড়গ্রহণ এবং এর বাস্ড়বায়ন নিশ্চিত করা
- ❖ গন সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারণা সহ সভা ও সমাবেশ করা

৩.০ ব্যবস্থাপনা কার্যক্রম

৩.১ উদ্দেশ্য

এই ব্যবস্থাপনা কার্যক্রমের প্রধান উদ্দেশ্য হলো :

- ❖ হুমকীর সম্মুখীন নির্বাচিত বনাঞ্চলের কার্যকর প্রতিরোধ গড়ে তোলা যাতে করে জীববৈচিত্র্য রক্ষা পায়
- ❖ রক্ষিত বনের উন্নয়নসহ জীববৈচিত্র সংরক্ষণের মাধ্যমে বন্যপ্রাণী বসবাসের উপযোগী করে তোলা
- ❖ বনের সম্ভাবনাময় উৎস্যগুলোকে সংরক্ষণ করা যার মধ্যে নির্বাচিত জীববৈচিত্র্যও অন্ড়র্ভূক্ত থাকবে
- ❖ স্টেকহোল্ডারদের পরামর্শ ও কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা পদ্ধতিকে শক্তিশালীকরণ

৩.২ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা

ল্যান্ডস্ক্যাপ এলাকায় স্ট্রীপ বনায়ন, সংযোগ সড়ক নির্মাণ, ব্রীজ, কালভার্ট সংস্কার/নির্মাণ, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, সেনিটেশন ব্যবস্থার উন্নয়ন, স্বল্পমূল্যে উন্নত চুলা স্থাপন, সম্প্রসারণ, ম্যালেরিয়া নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধি ও চিকিৎসা সেবা নিশ্চিত করা হবে। এ কাজে অর্থের সংকুলান করতে বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও দাতা সংস্থাগুলি হতে অর্থ সহায়তা গ্রহণের প্রচেষ্টা চালানো হবে। সহ-ব্যবস্থাপনা কমিটির উন্নয়ন কার্যক্রমের সাথে ল্যান্ডস্কেপ এলাকার কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থার উন্নয়ন কার্যক্রমের সাথে সমন্বয় সাধন করা যেতে পারে।

৩.৩. রক্ষিত এলাকার মূল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা

৩.৩.১ আবাসস্থল উন্নয়ন কার্যক্রম

৩.৩.১.১ এনরিচমেন্ট প- ান্টেশন

- ❖ কোর জোনের ক্ষতিগ্রস্থ অংশ যেখানে প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পূনর"জ্জীবন প্রক্রিয়া বাধাগ্রস্থ হচ্ছে সেখানে উপযুক্ত প্রজাতির চারা দ্বারা বনায়ন করা সহ বিদ্যমান প্রাকৃতিক বনের যথাযথ ব্যবস্থাপনা করা

৩.৩.১.২ ঘাস জমির উন্নয়ন

- ❖ তৃণভোজী বণ্যপ্রাণীদের খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে ঘাস বাগান সৃষ্টি করা যেতে পারে। এক্ষেত্রে এলাকার খাস ভূমি লীজ গ্রহনের মাধ্যমে ঘাস চাষের আওতায় আনা যেতে পারে

৩.৩.১.৩ জলাশয় রক্ষণাবেক্ষণ

- ❖ বণ্যপ্রাণীদের জন্য বনের অভ্যন্ড়রে পানীয় জলের সরবরাহ নিশ্চিত করার জন্য জলাশয় খনন ও সংস্কার/পূণঃখনন করা। প্রয়োজন বোধে ছোট ছোট চেক ড্যাম নির্মানের মাধ্যমে বন্যপ্রানীদের পানীয় জল ধারনের ব্যবস্থা করা যেতে পারে

৩.৩.১.৪ বিশেষ আবাসস্থল রক্ষণাবেক্ষণ

- ❖ বিশেষ বিশেষ বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বিশেষ বিশেষ ধরনের আবাসস্থল ব্যবস্থাপনা করা প্রয়োজন। যেমন: প্যারাইল- া বানরের জন্য ছোট ছোট গাছের আচ্ছাদন রক্ষাসহ হাতির জন্য কলা, বাঁশ বাগান সৃজন ইত্যাদি।

৩.৩.২ আবাসস্থল পূরন"দ্ধার কার্যক্রম

৩.৩.২.১ ওয়াটারশেড ব্যবস্থাপনা

- ❖ রক্ষিত এলাকার ক্যাচমেন্ট এরিয়ার যথাযথ ব্যবস্থাপনা সহ উন্নয়ন করা। কোন অবস্থাতেই যাতে পানির প্রবাহ যাতে কেউ বিঘ্নিত অথবা পানীয় জল নষ্ট করতে না পারে সে বিষয়ে সৃষ্টি রাখা দরকার

৩.৩.২.২ পরিবেশ বান্ধব কর্মকান্ড পূনরুদ্ধার

- ❖ খালের দুপাড়ে বাঁশের বাগান সৃজনের মাধ্যমে কুঠির শিল্পের কাঁচামাল হিসাবে বাঁশের সরবরাহ বাড়ানো
- ❖ হারিয়ে যাওয়া প্রজাতির পুনরুদ্ধারে এনরিচমেন্ট বাগান সৃজন। এনরিচমেন্ট বাগান সৃজনে প্রজাতি নির্বাচনে সর্তক থাকা প্রয়োজন
- ❖ জবরদখলকৃত বনভূমি উদ্ধার করে বনায়নের আওতায় আনা

৩.৪ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ অঞ্চল (জোন)

৩.৪.১ বাফার অঞ্চল

- ❖ টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে বাফার জোন নাই। কাজেই কোর জোন রক্ষার্থে কোর জোনের ভিতর বর্তমানে জবরদখলকৃত এলাকা বাফার জোন হিসাবে ঘোষনা বিষটি বিবেচনা করা যেতে পারে।

৩.৪.২ ল্যান্ডস্কেপ অঞ্চল

ল্যান্ডস্কেপ এলাকায় বসবাসকারী জনগনের উন্নয়ন তথা আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্নবর্নিত ব্যবস্থা গ্রহন করা যেতে পারে ঃ

- ❖ ইকোট্যুর গাইড প্রশিক্ষণের মাধ্যমে নতুন ইকো-টুর গাইড তৈরী। উলেণ্ঢখ্য যে টেকনাফ সহ-ব্যবস্থাপনার আওতায় বর্তমানে ৬ জন প্রশিক্ষিত ইকো-টুর গাইড কাজ করছে।
- ❖ ইকো-কর্টেজ স্থাপনে উৎসাহিত এবং সহযোগিতা প্রদান
- ❖ নার্সারী স্থাপন/তাঁত বুনন প্রশিক্ষনের ব্যবস্থা করা সহ সহযোগিতা প্রদান
- ❖ বনের উপর চাপ কমানোর জন্য উন্নত চুলা স্থাপনের ব্যবস্থা করা
- ❖ মৎস্য আহরণে সহযোগিতা প্রদানসহ মৎস্য প্রক্রিয়াজাতকরণে প্রশিক্ষণ প্রদান
